# ৪৬ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ [কোড : সুরমা] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

**যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল**
মাদারীপুর, ঝালকাঠি, চাঁদপুর, লক্ষীপুর, চট্টগ্রাম, ময়মনসিংহ, কক্সবাজার, জামালপুর, কিশোরগঞ্জ, শেরপুর।

০১. 'নিঃশেষে নিশাচর, গ্রাসে মহাবিশ্বে, ত্রাসে কাঁপে তরণীর পাপী যত নিঃস্বে।' কবিতাংশটি কোন কবির লেখা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ফররুখ আহমদ
গ. কাজী নজরুল ইসলাম ঘ. আল মাহমুদ
উত্তর: গ

০২. 'সুন্দর হে, দাও দাও সুন্দর জীবন।
হউক দূর অকল্যাণ সকল অশোভন।'
কবিতাংশটুকু কার লেখা?
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. শামসুর রাহমান ঘ. শেখ ফজলুল করিম
উত্তর: ঘ

০৩. $x^2 - 10xy - 11y^2$ -এর উৎপাদক
ক. $(x - y)(x + 11y)$ খ. $(x - 11y)(x + y)$
গ. $(x - 4y)(x - 5y)$ ঘ. $(x + 5y)(x - 4y)$
উত্তর: খ ব্যাখ্যা: $x^2 - 10xy - 11y^2$
$= x^2 - 11xy + xy - 11y^2$
$= x(x - 11y) + y(x - 11y)$
$= (x - 11y)(x + y)$

০৪. $x - \frac{1}{x} = \sqrt{5}$ হলে, $x^3 - \frac{1}{x^3} =$ কত?
ক. $8\sqrt{5}$ খ. $10\sqrt{2}$
গ. 5 ঘ. 8
উত্তর: ক ব্যাখ্যা: $x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3x.\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$
$= (\sqrt{5})^3 + 3.\sqrt{5}$
$= 5\sqrt{5} + 3\sqrt{5} = 8\sqrt{5}$

০৫. **Without health there is no happiness– এখানে happiness শব্দটি কোন প্রকারের Noun?**
ক. Proper খ. Common
গ. Collective ঘ. Abstract
উত্তর: ঘ ব্যাখ্যা: প্রশ্নে প্রদত্ত 'happiness' শব্দটি একটি Abstract noun : যে noun দ্বারা দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদির নাম বোঝায় তাকে Abstract Noun বলে। 'Happiness' শব্দ দ্বারা 'সুখী' অবস্থা বুঝাচ্ছে বিধায় এটি Abstract Noun.

০৬. **'Beggar' শব্দটির Abstract form হবে–**
ক. Beggarhood খ. Beggary
গ. Beggarship ঘ. Beggarness
উত্তর: খ ব্যাখ্যা: অপশন (ক), (গ) ও (ঘ) এই ধরনের কোনো শব্দ অভিধানে নেই। অপশন (খ) 'Beggary' (চরম দারিদ্র্য, নিঃস্বতা) হচ্ছে Abstract noun যা 'অবস্থা' নির্দেশ করছে। সুতরাং সঠিক উত্তর অপশন (খ)।

০৭. **'www'-এর পুরো রূপ হচ্ছে–**
ক. World widow work খ. World wide web
গ. World weak web ঘ. Weak wrong work
উত্তর: খ

০৮. মেমোরি ভাগ করা হয়েছে–
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে
উত্তর: ক

০৯. **'শেষের কবিতা' উপন্যাসটির রচয়িতা কে?**
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. জহির রায়হান
উত্তর: গ

১০. **জসীমউদ্‌দীনের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?**
ক. সোজনবাদিয়ার ঘাট খ. বালুচর
গ. রাখালী ঘ. নক্সীকাঁথার মাঠ
উত্তর: গ ব্যাখ্যা: পল্লিকবি জসীমউদ্‌দীনের (১৯০৩-৭৬) কতিপয় গাথাকাব্য : নক্সীকাঁথার মাঠ (১৯২৯), সোজন বাদিয়ার ঘাট (১৯৩৪), মা যে জননী কান্দে (১৯৬৩)।

১১. **$3(4x - 6) = (3x + 9)$ কে সমাধান করলে x-এর মান হবে–**
ক. 2 খ. – 1
গ. 3 ঘ. – 3
উত্তর: গ ব্যাখ্যা: $3(4x - 6) = 3x + 9$
$\Rightarrow 12x - 18 = 3x + 9$
$\Rightarrow 12x - 3x = 9 + 18$
$\Rightarrow 9x = 27$
$\Rightarrow x = \frac{27}{9} = 3$
$\therefore x = 3$

১২. **তিনটি ক্রমিক সংখ্যার গুণফল ৬০ হলে, সংখ্যা তিনটির যোগফল হবে–**
ক. ১২ খ. ১৫
গ. ১৬ ঘ. ২০
উত্তর: ক ব্যাখ্যা: ৬০ এর গুণনীয়ক ১, ২, ৩, ৪, ৫, ৬, ১০, ১২, ১৫, ২০, ৩০, ৬০। এখানে ৩ × ৪ × ৫ = ৬০
∴ ৩ + ৪ + ৫ = ১২

১৩. **He was only a yard off me. – এখানে 'off' শব্দটি–**
ক. Abverb খ. Preposition
গ. Conjunction ঘ. Adjective
উত্তর: খ

১৪. **I will watch while you sleep. – এখানে 'while' শব্দটি–**
ক. Noun খ. Adverb
গ. Preposition ঘ. Interjection
উত্তর: Blank ব্যাখ্যা: সঠিক উত্তর নেই। 'while' শব্দটি এখানে একটি conjunction কারণ এটি দুটো Clause কে যুক্ত করেছে। অপশনগুলোতে কোথাও conjunction নেই বিধায় সঠিক উত্তর নেই।

**১৫. ২০১০ সালের বিশ্বকাপ ফুটবলের ফাইনাল ম্যাচ কবে অনুষ্ঠিত হয়?**

ক. ১১ জুলাই খ. ১২ জুলাই
গ. ১৪ জুলাই ঘ. ১৫ জুলাই

উত্তর ✓ ক ব্যাখ্যা ২০১০ সালের বিশ্বকাপ ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ১১ জুলাই জোহানেসবার্গের সকার সিটি স্টেডিয়ামে। ২১তম বিশ্বকাপ ফুটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ১৫ জুলাই ২০১৮ সালে মস্কোর লুঝনিকি স্টেডিয়ামে।

**১৬. ভাইরাস একটি –**

ক. কোষহীন জীব খ. এককোষী জীব
গ. দ্বিকোষী জীব ঘ. বহুকোষী জীব উত্তর ক

**১৭. 'নূরুলদীনের সারা জীবন' নাটকটির রচয়িতা কে?**

ক. জিয়া হায়দার খ. আলাউদ্দিন আল আজাদ
গ. সৈয়দ শামসুল হক ঘ. আবদুল্লাহ আল মামুন উত্তর গ

**১৮. 'ঝিলিমিলি' নাটকটি কে লিখেছেন?**

ক. কাজী নজরুল ইসলাম খ. ইব্রাহিম খাঁ
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. আকবর উদ্দিন

উত্তর ✓ ক ব্যাখ্যা নজরুল প্রথম প্রকাশিত নাটক 'ঝিলিমিলি' (১৩৩৭)। এতে মোট তিনটি নাটক রয়েছে।

**১৯. ভ্রমণের প্রথম ৬ ঘন্টায় একটি গাড়ির গড় বেগ ছিল ৪০ কিমি/ঘন্টা এবং বাকি অংশের গড় বেগ ছিল ৬০ কিমি/ঘন্টা। যদি সম্পূর্ণ ভ্রমণে গাড়িটির গড় বেগ ৫৫ কিমি/ঘন্টা হয় তবে ভ্রমণের মোট সময়কাল কত?**

ক. ১৮ ঘন্টা খ. ২০ ঘন্টা
গ. ২২ ঘন্টা ঘ. ২৪ ঘন্টা উত্তর ঘ

**২০. ৫টি গরুর মূল্য ২০টি ভেড়ার মূল্যের সমান। ২টি গরুর মূল্য ২৪,০০০ টাকা হলে ৩টি ভেড়ার মূল্য কত?**

ক. ৮,০০০ টাকা খ. ৯,০০০ টাকা
গ. ৯,৫০০ টাকা ঘ. ১০,০০০ টাকা

উত্তর ✓ খ ব্যাখ্যা

২ টি গরুর মূল্য ২৪,০০০ টাকা

$\therefore$ ৫টি ,, ,, $\frac{২৪০০০ \times ৫}{২}$ = ৬০০০০ টাকা

২০টি ভেড়ার মূল্য ৬০০০০ টাকা

$\therefore$ ৩টি ,, ,, $\frac{৬০০০০ \times ৩}{২০}$ = ৯০০০ টাকা

**কোন বানানটি শুদ্ধ?**

ক. Asignment খ. Asignement
গ. Assignment ঘ. Assignement উত্তর গ

**কোনটি শুদ্ধ বানান?**

ক. Acquaintance খ. Acquiantence
গ. Acquantence ঘ. Aquaintence উত্তর ক

**সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়–**

ক. নীল আলোতে খ. সবুজ আলোতে
গ. লাল আলোতে ঘ. বেগুনি আলোতে উত্তর গ

**মাকড়সার পা আছে–**

ক. ৪টি খ. ৬টি
গ. ৮টি ঘ. ১০টি উত্তর গ

**২৫. বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়–**

ক. চট্টগ্রামে
খ. ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রসভায়
গ. কুষ্টিয়ার মুজিবনগরে
ঘ. কলকাতার বাংলাদেশ মিশনে

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করা হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে ছাত্র-সংগ্রাম পরিষদের ডাকা এক ছাত্রসমাবেশে। ২ মার্চ ১৯৭১ সালে এই পতাকা উত্তোলন করেন তৎকালীন ডাকসু ভিপি আ স ম আব্দুর রব।

**২৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল–**

ক. মেহেরপুরে খ. চট্টগ্রামের কালুরঘাটে
গ. ঢাকায় ঘ. কলকাতায়

উত্তর ✓ ক ব্যাখ্যা বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয় ১৯৭১ সালের ১০ এপ্রিল। মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবেরপাড়া গ্রামে এই সরকার শপথগ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ সালে।

**২৭. 'আষাঢ়ে বৃষ্টি নামে' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?**

ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : ওপারের হাটে যেতে নদী পেরুতে হয়।

**২৮. 'শুক্রবার স্কুল বন্ধ' নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি?**

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য

উত্তর ✓ খ ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : আমাকে একখানা বই দাও।

**২৯. কোনটি শুদ্ধ বানান?**

ক. Magnanimous খ. Magnanimus
গ. Magnenimous ঘ. Magnenimus উত্তর ক

**৩০. কোন বানানটি শুদ্ধ?**

ক. Consceintious খ. Conscientous
গ. Conscientious ঘ. Consientous উত্তর গ

**৩১. কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?**

ক. ইন্দ্রজিৎ খ. একরোখা
গ. কালান্তর ঘ. ইহকাল

উত্তর ✓ ঘ ব্যাখ্যা যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে আকাশ = নীলাকাশ।

**৩২. কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?**

ক. গায়েহলুদ খ. চালকুমড়া
গ. ছয়ানি ঘ. ছায়াছবি

উত্তর ✓ খ ব্যাখ্যা ব্যাসবাক্যের মাঝের পদ লোভ পেয়ে যে সমাস হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত যে আসন = সিংহাসন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**৩৩. জনাব সালাম ৫৫ টাকায় ২০টি আম কিনলেন। ১০% আম পচে যাওয়ায় তিনি অবশিষ্ট আম ডজনপ্রতি ৬০ টাকা দরে বিক্রি করলেন। এতে তাঁর কত লাভ হলো।**

ক. ৩৫ টাকা খ. ৩৬ টাকা
গ. ৪০ টাকা ঘ. ৪২ টাকা

উত্তর ✓ ক ব্যাখ্যা

১০% গেলে অবশিষ্ট ভালো আম = ১০০ − ১০ = ৯০টি

১০০টির মধ্যে ভালো ৯০টি

১ " " " $\frac{৯০}{১০০}$

২০ " " " $\frac{৯০ \times ২০}{১০০} = ১৮$টি

১২টি আমের বিক্রয়মূল্য = ৬০ টাকা।

১ টি " " $\frac{৬০}{১২}$ "

১৮টি " " $\frac{৬০ \times ১৮}{১২} = ৯০$ টাকা।

লাভ হয় (৯০ − ৫৫) = ৩৫ টাকা।

**৩৪. একজন ব্যবসায়ীর কাছে ২২টি বলপেন আছে। তিনি কয়েকটি বলপেন প্রতিটি ৩৫ টাকা লাভে এবং অবশিষ্ট বলপেন প্রতিটি ১০ টাকা ক্ষতিতে বিক্রি করেন। তাঁর মোট ৬৩৫ টাকা লাভ হলে তিনি কয়টি বলপেন ক্ষতিতে বিক্রি করেন?**

ক. ৩টি খ. ৪টি
গ. ৫টি ঘ. ৬টি

উত্তর ✓ ক ব্যাখ্যা মনে করি,

x টি বলপেন ক্ষতিতে বিক্রি করেন,

বাকি (২২ − x)টি বলপেন লাভ হয় ৩৫ (২২ − x) টাকা

x টি বলপেনে ক্ষতি হয় = ১০x টাকা।

শর্তমতে,

৩৫ (২২ − x) − ১০x = ৬৩৫

⇒ ৭৭০ − ৩৫x − ১০x = ৬৩৫

⇒ − ৪৫x = ৬৩৫ − ৭৭০

⇒ ৪৫x = ১৩৫

$x = \frac{১৩৫}{৪৫} = ৩$

x = ৩

**৩৫. 'I shall do the work'– বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে–**

ক. The work is to be done by you.
খ. The work will be done by you.
গ. The work will be done by me.
ঘ. The work has been done by you.

উত্তর ✓ গ ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত বাক্যটি Passive করার নিয়ম নিম্নরূপ Active এর Object টি Subject (The work) + Tense ও person অনুযায়ী auxiliary verb (এক্ষেত্রে Will be) + VPP/$V_3$+by+Active voice এর Subject এর Objective case ('I' এর পরিবর্তে 'me')।

**৩৬. জীব সংরক্ষণ ও পচন নিবারণের জন্য ব্যবহৃত হয়–**

ক. সোডা খ. ফর্মালিন
গ. ভিনেগার ঘ. গ্লিসারিন

উত্তর খ

**৩৭. বায়োগ্যাস প্লান্টে গোবর ও পানির অনুপাত কত?**

ক. ১ : ২ খ. ১ : ৩
গ. ২ : ৩ ঘ. ২ : ৫

উত্তর ক

**৩৮. 'পাথর' শব্দটির প্রতিশব্দ নয় কোনটি?**

ক. অশ্ম খ. মণি
গ. পাষাণ ঘ. নগ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'পাথর' ও 'নগ' এর কতিপয় সমার্থক শব্দ :

| | |
|---|---|
| পাথর | প্রস্তর, পাষাণ, শিলা, শিল, অশ্ম, কাঁকর, কঙ্কর, মণি |
| নগ | পর্বত, অদ্রি, ভূধর, মহীধর, , অচল, অগ, ক্ষিতিধর, মেদিনীধর, শৈল, পৃথ্বীধর, শৃঙ্গধর, গিরি, মহীধ্র। |

**৩৯. 'ঢেউ' শব্দের প্রতিশব্দ কোনটি?**

ক. বারি খ. অম্বু গ. বীচি ঘ. বারিধি


উত্তর ✓ গ ব্যাখ্যা 'ঢেউ' ও 'জল' শব্দের প্রতিশব্দ :

| | |
|---|---|
| ঢেউ | তরঙ্গ, উর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মহাতরঙ্গ, উল্লোল, মহোর্মি। |
| জল | অম্বু, অপ, উদক, পয়ঃ, ইরা, ইলা, পুষ্কর, তোয়, নীর, সলিল, বারি। |

**৪০. ২, ৪, ৩, ৭, ৪, ১০, ৫, .......... ধারাটির দশম পদ হবে–**

ক. ১৩ খ. ১৬
গ. ১৯ ঘ. ২১


উত্তর ✓ খ ব্যাখ্যা




**৪১. ১, ৩, ৫, ৭; ...... ধারাটির অষ্টম পদ হবে?**

ক. ১৫ খ. ১৬
গ. ১৭ ঘ. ১৮

উত্তর ✓ ক ব্যাখ্যা




**৪২. Rony said, 'The train reached at nine.'– বাক্য indirect speech হবে–**

ক. Rony said that the train has reached at nine
খ. Rony said that the train reached at nine
গ. Rony said that the train had reached at nine
ঘ. Rony said that the train reaches at nine

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত বাক্যটিকে Indirect Speech রূপান্তর করার নিয়মঃ Reporting verb এর subject reporting verb say/said or tell/told+that (inverted comma এর পরিবর্তে) + subject (এখানে reported speech এর subject the train) + tense অনুযায়ী Verb বসবে (had reached' যেহেতু direct speech টি simple past) বাকি অংশ/extension ('at nine')।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Nafis said to Romel, "Go away" – বাক্যটির Indirect speech হবে–

ক. Nafis asked Romel to go away
খ. Nafis requested Romel to go away
গ. Nafis ordered Romel to go away
ঘ. Nafis asks Romel to go away

উত্তর ✓ গ ব্যাখ্যা প্রদত্ত Imperative sentence কে Direct থেকে Indirect করার নিয়ম নিম্নরূপ:
Reporting verb এর subject (Nafis) + reporting verb এর পরিবর্তে request/order/advise (এক্ষেত্রে আদেশ বুঝাচ্ছে তাই 'ordered') to (inverted comma এর পরিবর্তে) + reported speech এর মূল verb থেকে শেষ পর্যন্ত (এক্ষেত্রে 'go away') উক্ত 'to' এরপর verb এর base form বসাতে হবে।

ভূ-গোলকে কতটি অক্ষাংশ রেখা আছে?

ক. ৯০ খ. ৯১
গ. ১৮০ ঘ. ১৮১ উত্তর গ

সূর্যের নিকটতম গ্রহ কোনটি?

ক. বুধ খ. বৃহস্পতি
গ. শুক্র ঘ. শনি উত্তর ক

'অলীক' এর বিপরীতার্থক শব্দ কী?

ক. মিথ্যা খ. সত্য গ. আশা ঘ. অনীহা

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| স্বতন্ত্র | পরতন্ত্র | স্থাণু | চলিষ্ণু |
| স্নিগ্ধ | রুক্ষ | সৌম্য | করাল, উগ্র |
| সান্ত | অনন্ত | সচেষ্ট | নিশ্চেষ্ট |

'বিশ্রী' এর বিপরীতার্থক শব্দ কী?

ক. শ্রীত খ. সুন্দর
গ. শ্রী ঘ. কৃশ

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| বহুল | বিরল | বহাল | বরখাস্ত |
| বন্দনা | গঞ্জনা | বিধি | নিষেধ |

পৃথিবীর জমজ নামে পরিচিত কোন গ্রহ?

ক. শনি খ. মঙ্গল
গ. বুধ ঘ. শুক্র উত্তর ঘ

নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৪}{৭}$
গ. $\frac{৬}{৭}$ ঘ. $\frac{৭}{৯}$

উত্তর ✓ গ ব্যাখ্যা $\frac{৩}{৪} = ০.৭৫, \frac{৪}{৭} = ০.৫৭, \frac{৬}{৭} = ০.৮৬, \frac{৭}{৯} =$ ০.৭৮। সুতরাং $\frac{৬}{৭}$ বৃহত্তম ভগ্নাংশ।

৫০. $\frac{০.২ \times ০.৩ \times ০.৫}{০.১ \times ০.২ \times ০.০২}$ -এর মান কত?

ক. ৭৫ খ. ৭৭
গ. ৮০ ঘ. ৮৫

উত্তর ✓ ক ব্যাখ্যা $\frac{০.২ \times ০.৩ \times ০.৫}{০.১ \times ০.২ \times ০.০২}$

$= \frac{২ \times ৩ \times ৫ \times ১০ \times ১০ \times ১০০}{১ \times ২ \times ২ \times ১০ \times ১০ \times ১০}$

$= \frac{৩০০}{৪} = ৭৫$

৫১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. Pick up the word in the dictionary
খ. Look up the word in the dictionary
গ. Find out the word in the dictionary
ঘ. See the word in the dictionary

উত্তর ✓ খ ব্যাখ্যা ডিকশনারি থেকে শব্দ খোঁজার ক্ষেত্রে 'group verb' হিসেবে 'look up' ব্যবহৃত হয়। 'শব্দ খোঁজার' ইংরেজি বুঝাতে 'pick up, find out, see- এগুলো সঠিক নয়। সুতরাং সঠিক উত্তর অপশন (খ) → 'Look up the word in the dictionary'

৫২. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক. A lion is ferocious animal
খ. The lion is ferocious animal
গ. The lion is a ferocious animal
ঘ. Lion is a ferocious animal

উত্তর ✓ গ ব্যাখ্যা অপশন (ক), (খ) ও (ঘ) সঠিক নয়। অপশন (ক) ও (খ) তে 'ferocious' শব্দের আগে কোনো article না থাকায় সঠিক নয়। অপশন (ঘ) তে 'Lion' শব্দের পূর্বে article না থাকায় সঠিক নয়। পক্ষান্তরে অপশন (গ) তে এই ধরনের কোনো ভুল না থাকায় বাক্যটি শুদ্ধ।

৫৩. পদ্মা ও যমুনা নদী কোথায় মিলিত হয়েছে?

ক. ভোলা খ. চাঁদপুর
গ. সিরাজগঞ্জ ঘ. গোয়ালন্দ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা পদ্মা ও যমুনা নদী শিবালয় (মানিকগঞ্জ) ও গোয়ালন্দে (রাজবাড়ি) মিলিত হয়েছে। এই মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে এবং মেঘনা নাম ধারণ করে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৫৪. বাংলাদেশের সবচেয়ে উত্তরে অবস্থিত স্থানের নাম কি?

ক. বাংলাবান্ধা খ. নক্সালবাড়ি
গ. তেঁতুলিয়া ঘ. পঞ্চগড়

উত্তর ✓ ক ব্যাখ্যা

| | |
|---|---|
| সর্ব উত্তরের জেলা | পঞ্চগড় |
| সর্ব উত্তরের উপজেলা | তেঁতুলিয়া |
| সর্ব উত্তরের ইউনিয়ন | বাংলাবান্ধা |
| সর্ব উত্তরের স্থান | জায়গীরজোত |

৫৫. মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীরোত্তম খেতাবে ভূষিত করা হয়?

ক. ৬০ জন খ. ৬৮ জন
গ. ৭০ জন ঘ. ৭৫ জন

উত্তর ✓ খ ব্যাখ্যা মুক্তিযুদ্ধে সাহসিকতা প্রদর্শন এবং আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ মুক্তিযোদ্ধাদের চারটি বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়েছে। বীরউত্তম দ্বিতীয় সর্বোচ্চ বীরত্ব খেতাব। বীরউত্তম খেতাব প্রদান করা হয় ৬৮ জনকে।

**৫৬. ক $১\frac{১}{২}$ ঘণ্টায় ৫ কিলোমিটার হাঁটে এবং খ ৫ মিনিটে ২৫০ মিটার হাঁটে। ক ও খ-এর গতিবেগের অনুপাত কত?**

ক. ২০ ঃ ৯ খ. ৩ ঃ ১০
গ. ১০ ঃ ৯ ঘ. ১৬ ঃ ৫

উত্তর গ ব্যাখ্যা

ক এর বেগ $= \frac{দূরত্ব}{সময়}$ $= \frac{৫ \times ১০০}{৯০}$ $= \frac{৫০০}{৯}$ মিটার

১ কি.মি. = ১০০০ মিটার
$১\frac{১}{২}$ ঘণ্টা = ৬০ + ৩০ = ৯০ মিনিট

খ এর বেগ $= \frac{২৫০}{৫} = ৫০$ মিটার

∴ ক ও খ এর বেগের অনুপাত $= \frac{৫০০}{৯}$ ঃ ৫০

$= \frac{\frac{৫০০}{৯}}{৫০} = \frac{৫০০}{৯} \times \frac{১}{৫০}$

$= \frac{১০}{৯} = ১০ ঃ ৯$

**৫৭. দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ ঃ ২৭। তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?**

ক. ২০ ঃ ৯ খ. ৪ ঃ ৯
গ. ১০ ঃ ৯ ঘ. ১৬ ঃ ৫ উত্তর খ

**৫৮. He is bent —— going to the meeting বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. upon খ. on
গ. in ঘ. with

উত্তর✓ ক,খ ব্যাখ্যা 'Bent' এরপর preposition হিসেবে 'in' বা 'with' বসে না। তাই অপশন (গ) ও (ঘ) সঠিক নয়। 'Bent' এরপর আমরা appropriate preposition হিসেবে 'on' বা 'upon' উভয়ই ব্যবহার করি। একটি বিষয় লক্ষ্যণীয় 'upon' preposition টি সকল ক্ষেত্রে 'on' এর বিকল্প হিসেবে ব্যবহার করা যায়। সুতরাং সঠিক উত্তর (ক) ও (খ) উভয়ই।

**৫৯. An honest man has no distrust —— anyone বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. on খ. with
গ. for ঘ. of

উত্তর✓ ঘ ব্যাখ্যা 'Distrust' শব্দটির পরে Appropriate Preposition হিসেবে 'of' ব্যবহৃত হয়। 'An honest man has no distrust of anyone' অর্থ একজন সৎ লোকের কারো প্রতি অবিশ্বাস থাকে না।

**৬০. The man is involved —— the affair বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. on খ. with
গ. in ঘ. to

উত্তর✓ গ ব্যাখ্যা 'Involve' শব্দটির পরে appropriate preposition ভুল।

**৬১. বধ্যভূমি স্মৃতিসৌধ, রায়েরবাজার-এর নকশাবিদ কে ছিলেন?**

ক. হামিদুর রহমান
খ. ফরিদউদ্দিন আহমেদ ও জামি আল সাফি
গ. নিতুন কুন্ডু
ঘ. মৃণাল হক

উত্তর✓ খ ব্যাখ্যা রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধ ধানমন্ডি আবাহনী মাঠের পশ্চিমে রায়ের বাজার সংলগ্ন ইটখোলায় অবস্থিত। এর স্থপতি ফরিদউদ্দীন আহমেদ ও জামি আল শফি।

**৬২. ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত সাতগম্বুজ মসজিদটি কবে নির্মিত হয়েছিল?**

ক. সপ্তদশ শতাব্দী খ. ষোড়শ শতাব্দী
গ. উনবিংশ শতাব্দী ঘ. পঞ্চদশ শতাব্দী

উত্তর✓ ক ব্যাখ্যা সাত গম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত। ১৬৮০ সালে মোঘল সুবাদার শায়েস্তা খাঁর আমলে তার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন। এ মসজিদে তিনটি গম্বুজ ও চারটি মিনার রয়েছে।

**৬৩. 'চিরুনি' শব্দটির প্রকৃতি-প্রত্যয় হচ্ছে–**

ক. চিরু + নি খ. চির + উনি
গ. চিরুন + ই ঘ. চির + উন্নি

উত্তর✓ খ ব্যাখ্যা 'উনি' প্রত্যয়যোগে কয়েকটি বাংলা কৃৎপ্রত্যয় : √বাঁধ + উনি = বাঁধুনি; √নাচ + উনি = নাচুনি; √ছা + উনি = ছাউনি; √চির + উনি = চিরুনি; √আঁট + উনি = আঁটনি।

**৬৪. 'জমানো' শব্দটির সন্ধিবিচ্ছেদ হচ্ছে-**

ক. জমান + ও খ. জমা + ন
গ. জমা + নো ঘ. জমা + আনো

উত্তর✓ ঘ ব্যাখ্যা কতিপয় বাংলা স্বরসন্ধি : নিন্দা + উক = নিন্দুক; গোঁড়া + আমি = গোঁড়ামি; গোলা + আন্দাজ = গোলন্দাজ; ভাই + ইয়া = ভাইয়া; মা + এ = মায়ে; ভাল + এ = ভালোয়; মিতা + আলি = মিতালি; ঘড়ি + ইয়াল = ঘড়িয়াল।

**৬৫. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী বাংলায় এবং ৮০% গণিতে পাস করেছে। কিন্তু ১০% উভয়বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ২৪০ জন পরীক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কত জন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?**

ক. ৪০০ জন খ. ৪৫০ জন
গ. ৫০০ জন ঘ. ৫৬০ জন

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলায় ফেল করে (১০০ – ৭০) = ৩০%
শুধু বাংলায় ফেল করে (৩০ – ১০)% = ২০%
গণিতে ফেল করে (১০০ – ৮০)% = ২০%
শুধু গণিতে ফেল করে (৩০ – ২০)% = ১০%
উভয় বা যে কোনো এক বিষয়ে ফেল করে = ২০ + ১০ + ১০ = ৪০%
উভয় বিষয়ে পাস করে (১০০ – ৪০)% = ৬০%
৬০ জন উভয় বিষয়ে পাস করলে শিক্ষার্থী ১০০ জন
১ " " " " " " $\frac{১০০}{৬০}$ "
২৪০ " " " " " " $\frac{১০০ \times ২৪০}{৬০}$
= ৪০০ জন।

'Coalesce'-এর সমার্থক শব্দ কোনটি?

ক. Separate　খ. Unify
গ. Order　ঘ. Counterfeit

উত্তর খ

'Candor'-এর সমার্থক শব্দ কোনটি?

ক. Diplomacy　খ. Admire
গ. Frankness　ঘ. Selfish

উত্তর ✓ গ ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Candor | সরলতা, অকপটতা, অমায়িকতা, স্পষ্টতা |
| Diplomacy | কূটনীতি |
| Frankness | সরলতা, অকপটতা, স্পষ্টতা, আত্মসর্বস্ব, স্বার্থপর। |
| Selfish | আত্মসর্বস্ব, স্বার্থপর। |

সুতরাং দেখা যাচ্ছে যে, 'Candor' শব্দের সাথে শুধু 'Frankness' শব্দের অর্থ match করে বা মিলে যায়।

বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান-এর পদবি কি ছিল?

ক. সিপাহী　খ. ল্যান্স নায়েক
গ. ক্যাপ্টেন　ঘ. মেজর

উত্তর ✓ ক ব্যাখ্যা বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান ২ ফেব্রুয়ারি ১৯৫৩ সালে ঝিনাইদহের মহেশপুরে জন্মগ্রহণ করেন। তিনি সেনাবাহিনীতে সিপাহি পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৭১ সালের ২৮ অক্টোবর মৌলভীবাজারের কমলগঞ্জের মাধবপুরে শহিদ হন। বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানকে প্রথমে ভারতের ত্রিপুরার আমবাসায় সমাহিত করা হয়। পরবর্তীতে তার দেহাবশেষে নিয়ে এসে ঢাকায় মিরপুর শহিদ বুদ্ধিজীবী কবরস্থানে সমাহিত করা হয়।

বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীরের কবর কোন জেলায় অবস্থিত?

ক. নাটোর　খ. নওগাঁ
গ. জয়পুরহাট　ঘ. চাঁপাইনবাবগঞ্জ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সেনাবাহিনীতে কর্মরত ছিলেন। তিনি ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর চাঁপাইনবাবগঞ্জের রেহাইচরে শহিদ হন। তাকে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ছোট সোনা মসজিদ প্রাঙ্গণে সমাহিত করা হয়েছে।

কোনটি শুদ্ধ বানান?

ক. দূষণ　খ. দুষণ
গ. দূশন　ঘ. দুশন

উত্তর ✓ ক ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : পিপীলিকা, নিমীলিতি, সমীচীন, মনীষী, নিশীথে, নিরীক্ষণ, শারীরিক, মরীচিকা, সুষ্ঠু, সরস্বতী, সস্ত্রীক, সাক্ষর।

কোন বানানটি শুদ্ধ?

ক. সুদণ　খ. সূদন
গ. শুদন　ঘ. শূদণ

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : সতীত্ব, সতীর্থ, কৃতিত্ব, দায়িত্ব, সখিত্ব, আশিস, আশীর্বাদ, ইতোমধ্যে, উচ্ছ্বাস, আগমনী, অপরাহ্ণ, অহোরাত্র, অনসূয়া, অধ্যয়ন, আদ্যন্ত, অধ্যবসায়।

একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১০০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ হবে–

ক. ১০০°　খ. ৮০°
গ. ৫০°　ঘ. কোনোটিই নয়

উত্তর গ

৭৩. "To break the ice"– phrase-টির অর্থ কি?

ক. To start a conversation　খ. To end the hostility
গ. To end up partnership　ঘ. To start quarreling

উত্তর ✓ ক ব্যাখ্যা 'To break the ice'- Phrase টির অর্থ জড়তা শেষ করে কথোপকথন শুরু করা'। এখন নিচের অপশনগুলোর অর্থ বিশ্লেষণ করা যাক-

| অপশন | অর্থ |
|---|---|
| To start a conversation | কথোপকথন বা আলাপ আলোচনা শুরু করা। |
| To end the hostility | শত্রুতার ইতি টানা বা শেষ ঘোষণা করা। |
| to end up the partnership | অংশীদারিত্ব (ব্যবসায়ের) এর বিলোপসাধন |
| to start quarreling | ঝগড়া শুরু করা। |

সুতরাং দেখা যাচ্ছে যে, সঠিক উত্তর (ক)

৭৪. "The pros and cons"– phrase-টির অর্থ কি?

ক. Good and evil　খ. For and against a thing
গ. Foul and air　ঘ. Former and latter

উত্তর ✓ ক ব্যাখ্যা Pros and Cons' phrase টির অর্থ-ভাল-মন্দ/সুবিধা-অসুবিধা

| প্রদত্ত অপশন | অর্থ |
|---|---|
| Good and evil | ভালো-মন্দ/মঙ্গল-অমঙ্গল। |
| For and against a thing | কোন কিছুর বিপক্ষে অবস্থান নেওয়া |
| Foul and fair | সুন্দর-অসুন্দর। |
| Formen and latter | পূর্বে-পরে। |

৭৫. প্রতিফলিত শব্দকে বলা হয়–

ক. কোলাহল　খ. তীক্ষ্ণতা
গ. প্রতিধ্বনি　ঘ. বিস্তার

উত্তর গ

৭৬. সূর্য থেকে পৃথিবীতে তাপ আসে–

ক. বিকিরণ পদ্ধতিতে　খ. পরিবহন পদ্ধতিতে
গ. পরিচলন পদ্ধতিতে　ঘ. সব উপায়েই

উত্তর ক

৭৭. কোন বানানটি শুদ্ধ?

ক. শশীভূষণ　খ. শশিভূষণ
গ. শশীভূষন　ঘ. শশিভুসন

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : ক্ষুণ্ণ, শুশ্রূষা, কৌতূহল, ষাণ্মাসিক, চিক্কণ, স্বতঃস্ফূর্ত, দুরবস্থা, বিদ্বান, উনননব্বই, হীনম্মন্যতা।

৭৮. মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?

ক. ক্ষণস্থায়ী　খ. ঘরছাড়া
গ. হাসিমুখ　ঘ. তেলে-ভাজা

উত্তর ✓ গ ব্যাখ্যা ব্যাসবাক্যের মাঝের পদ লোভ পেয়ে যে সমাস হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন : সিংহ চিহ্নিত যে আসন = সিংহাসন।

৭৯. 'ওভাল' কোন খেলার জন্য বিখ্যাত?

ক. ফুটবল　খ. হকি
গ. টেনিস　ঘ. ক্রিকেট

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'ওভাল' লন্ডনের কেনিংটনে অবস্থিত একটি আন্তর্জাতিক ক্রিকেট মাঠ। এটি প্রতিষ্ঠিত হয় ১৮৪৫ সালে। এই মাঠে ৬ সেপ্টেম্বর ১৮৮০ সালে ইংল্যান্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে ইতিহাসের প্রথম টেস্ট খেলা অনুষ্ঠিত হয়।

৮০. সর্বাধিক স্নেহজাতীয় পদার্থ কোন খাদ্যে বিদ্যমান?

ক. দুধ　খ. চিনি
গ. আলু　ঘ. সীম

উত্তর ক